

তিমির-অবগুঠনে বদন তব ঢাকি
 কে তুমি মম অঙ্গনে দাঁড়ালে একাকী ॥
 আজি সঘন শব্বরী, মেঘমগন তারা,
 নদীর জলে ঝঝরি ঝরিছে জলধারা,
 তমালবন মর্মরি পবন চলে হাঁকি ॥
 যে কথা মম অন্তরে আনিছ তুমি টানি
 জানি না কোন্ মন্তরে তাহারে দিব বাণী ।
 রয়েছে বাঁধা বন্ধনে, ছিঁড়িব, যাব বাটে—
 যেন এ বৃথা ক্রন্দনে এ নিশি নাহি কাটে ।
 কঠিন বাধা-লঙ্ঘনে দিব না আমি ফাঁকি ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Kaharwa, Raag: Hameer
 Visit www.geetabitan.com for notation and other detail